

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
ইনোভেশন টিম



২০২০-২০২১ অর্থবছরের বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আলী আকবর পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	১৮/০১/২০২১
সভার সময়	১৪:৩০ ঘটিকা
স্থান	ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত ইনোভেশন টিমের সদস্য সচিব ও বর্তমান টিমের ফোকাল পয়েন্ট জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভার আলোচ্যসূচি অনুযায়ী গত ৪ নভেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের তৃতীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সিদ্ধান্তগুলোর বেশিরভাগ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

০২। সভায় উল্লেখ করা হয় যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রম ৪.১ এ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। চলতি অর্থবছরের টার্গেট ১টি সেমিনার ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। সভাপতি ইনোভেশন কার্যক্রমের বিস্তৃতি এবং অংশীজনের অবগতির জন্য আরেকটি কর্মশালা/সেমিনার আয়োজনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

০৩। ২০২০-২০২১ অর্থবছরের সেবা সহজিকরণ আইডিয়া হিসেবে বাস্তবায়নাধীন 'প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেইজ অ্যাপ আকারে প্রকাশ করে তথ্য প্রকাশ সহজিকরণ' শীর্ষক আইডিয়া বিষয়ে নতুন ইনোভেশন টিম পর্যালোচনা করেন। জনাব ড. আহসান হাবিব, উপ-পরিচালক (ভূতত্ত্ব) উক্ত ডাটাবেইজের বৈজ্ঞানিক ভিত্তি থাকার উপর গুরুত্ব আরোপ করেন। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপ-পরিচালক (রসায়ন) বলেন যে, সমস্ত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল স্পিসিসের তথ্য প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত হয়েছে সেগুলো দিয়েই অ্যাপটি শুরু করা যেতে পারে। জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌশল) বলেন অ্যাপটিতে যেহেতু বিশ্বব্যাপি গবেষকদের অ্যাকসেস থাকবে কাজেই সেখানে তাদের মতামত দেয়ার অপশন রাখা উচিত যা অ্যাপটির ক্রমোন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। আলোচনায় ইনোভেশন আইডিয়া প্রদানকারী টিম লিডার জনাব সৈয়দা জেসমিন হক, উপপরিচালক (ভূতত্ত্ব) কে প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেইজের বৈজ্ঞানিক ভিত্তি হিসেবে বৈশ্বিকভাবে প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত প্রতিবেদন সংযুক্তি (প্রমাণক) হিসেবে অ্যাপের প্রস্তুতকৃত কনটেন্ট এর সাথে যুক্ত করতে আহবান জানানো হয়।

০৪। ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ হিসেবে হিসেবে বাস্তবায়নাধীন 'জিএসবি ব্লাড ক্লাব' সম্পর্কিত ইনোভেশন আইডিয়া এর বিষয়ে আইডিয়া প্রদানকারী ও পাইলটিং কাজে সংশ্লিষ্ট দলের সাথে আলোচনা করা হয়। আইডিয়া প্রদানকারী টিমের টিম লিডার জনাব সালেহ আহমেদ, ফটোল্যাভ সুপারিনটেন্ডেন্ট জিএসবি ব্লাড ক্লাব সম্পর্কে ইনোভেশন টিমকে অবহিত করেন। তিনি বলেন ব্লাড ডোনরদের তথ্য এক্সেল ডাটাবেইজ আকারে অফিসের ওয়েবসাইটে দেয়া যেতে পারে। জনাব লুবনা ইয়াসমিন খন্দকার, উপ-পরিচালক (ভূপদার্থ) ডোনরদের তথ্য প্রকাশে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তার বিষয়টিকে বিবেচনায় রাখার ব্যাপারে টিমকে যত্নশীল হওয়ার আহবান জানান। সভাপতি ডোনরদের ব্যক্তিগত তথ্যের গোপনীয়তার ব্যাপারে সতর্ক থাকার আহবান জানান। এছাড়া তিনি ব্লাড ডোনরদের রক্তদানে উৎসাহিত করতে ব্লাড গ্রুপ টেস্টিং ক্যাম্পেইন এবং একটি প্রেজেন্টেশন আয়োজনের বিষয়ে মতামত ব্যক্ত করেন।

০৫। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ইনোভেশন বাজেট বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি বাজেট যৌক্তিককরণের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করবেন মর্মে আলোচনা হয়।

০৬। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রম ৯.২ উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের বিষয়ে জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) টিমের দৃষ্টি আকর্ষণ করেন। লক্ষ্যমাত্রাটি আয়োজনের লক্ষ্যে তৃতীয় সভার সিদ্ধান্ত মোতাবেক বিএমডি, হাইড্রোকার্বন, বিপিআই এবং বিফোরক পরিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ইনোভেশন সংক্রান্ত নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজনের বিষয়ে উক্ত দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করার বিষয়ে আলোচনা হয়।

০৭। ২০২০-২০২১ অর্থবছরের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।

০৮। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) জিএটিসি'র মাধ্যমে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার আয়োজন করা হবে।

- ২) প্রস্তাবিত প্যালিনোলজি ও প্যালিওটোলজিক্যাল ডাটাবেইজ তৈরিতে বৈজ্ঞানিক ভিত্তির বিষয়ে সংশ্লিষ্ট শাখার সঙ্গে আলোচনা করা হবে।
- ৩) ব্লাড ডোনরদের উৎসাহিত করতে ব্লাড গ্রুপ টেস্টিং ক্যাম্পেইন আয়োজনের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের পরামর্শ গ্রহণ করা হবে।
- ৪) নবগঠিত ইনোভেশন টিমের নিকট ব্লাড ডোনেশন সংক্রান্ত প্রজেক্টেশন প্রদানের জন্য জিএসবি'র ব্লাড ক্লাবকে অনুরোধ করা হবে। এ সংক্রান্ত যোগাযোগের লক্ষ্যে আইডিয়া প্রদানকারী টিমের সদস্যগণের নাম জিএসবি'র ওয়েব সাইটে থাকবে।
- ৫) উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজনের বিষয়ে বিএমডি, হাইড্রোকার্বন, বিপিআই এবং বিচ্ছোরক পরিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করে প্রোগ্রামটির সময় নির্ধারণ করা হবে।

০৯। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আলী আকবর  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.২

তারিখ: ১৬ মাঘ ১৪২৭

৩০ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: মহি উদ্দিন  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব